সিলেটে বাংলা নিউজ নিউইয়র্ক’র অফিস পরিদর্শনে আসক’র প্রতিনিধিরা

চেম্বার ডেস্ক::
যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে প্রকাশিত (বাংলা ভাষার নিউজ পোর্টাল) বাংলা নিউজ ২৪ নিউইয়র্ক ডটকমের সিলেট আঞ্চলিক অফিস পরিদর্শন করেছেন সিলেটে আন্তর্জাতিক মানবাধিকার সংস্থা আইন সহায়তা কেন্দ্র ফাউন্ডেশন (আসক) সিলেটে বিভাগের সভাপতি রকিব আল মাহমুদ ও উপ পরিচালক লাকী আক্তার নুপুর।সোমবার বিকেল ৫ টায় তারা ওয়েস্ট ওয়ার্ল্ড শপিং সিটি (৪র্থ তলা), জিন্দাবাজার বাংলা নিউজ ২৪ নিউইয়র্ক অফিস পরিদর্শন করেন। এ সময় কর্মরত সাংবাদিকরা তাদের কে ফুলেল শুভেচ্ছা জানান। ফুলেল শুভেচ্ছা প্রদান কালে উপস্থিত ছিলেন স্টাফ করেসপন্ডেট মবরুর আহমদ সাজু, সিলেটের তরুন ব্যবসায়ী ওয়েস্ট ওয়ার্ল্ড শপিং সিটি ব্যবসায়ী সমিতির সহ-সভাপতি সাহেদ আহমদ কোষাধ্যক্ষ সানি আহমদ চৌধুরী,সিলেট করেসপন্ডেট আশরাফুল ইসলাম রনি প্রমুখ।পরে এক মতমিবিনিয় কালে রকিব আল মাহমুদ ও উপ পরিচালক লাকী আক্তার নুপুর বলেন,সাংবাদিকতা একটি মহান পেশা। প্রকৃত অর্থে সাংবাদিকতা আর দশটি পেশার মতো নয়। আন্তর্জাতিক শ্রম সংস্থা আইএলও’র মতে, সাংবাদিকতা একটি ঝুঁকিপূর্ণ পেশাও। প্রকৃত সাংবাদিকের দায়িত্ব বস্তুনিষ্ঠ ও সততাপূর্ণ সংবাদ পরিবেশন করা। সাংবাদিকতা যেমন এক বিধ্বস্ত জাতিকে পুনর্গঠনে অবদান রাখতে পারে, ঠিক তেমনি সাংবাদিকতার নামে মিথ্যাচারিতা, পক্ষপাতিত্ব, স্বার্থপরতা এক সুসংহত জাতিকে হিংসাত্মক যুদ্ধের দাবানলে অগ্রসর ভূমিকা রাখতে পারে।